যুগান্তর

29 APR 2017
20 7

# ৫৪ শিক্ষার্থী পেল ডিপ্লোমা ইন মাইক্রোফিন্যান্স সনদ

**যুগান্তর রিপোর্ট**

ইন্সটিটিউট ফর ইনক্লুসিভ ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (আইএনএম) পরিচালিত ডিপ্লোমা ইন মাইক্রোফিন্যান্সের তৃতীয় স্নাতক সমাবর্তনে সনদ পেল ৫৪ শিক্ষার্থী। সনদপ্রাপ্তরা সবাই ডিপ্লোমা ইন মাইক্রোফিন্যান্সের চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ ব্যাচের শিক্ষার্থী। বৃহস্পতিবার বিকালে রাজধানীর আগারগাঁও পিকেএসএফ ভবন অডিটরিয়ামে এ সনদ বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। আরও উপস্থিত ছিলেন আইএনএম সভাপতি ড. কাজী খলীকুজ্জামান আহমদ, নির্বাহী পরিচালক ড. মোস্তফা কে মুজেরী, পরিচালক (শিক্ষা) সাব্বির আহমদ চৌধুরী।

আইএনএম অর্থায়ন খাতের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আর্থিক খাতের বিভিন্ন বিষয়ের ওপর গবেষণা, প্রশিক্ষণ, শিক্ষা ও জ্ঞান ব্যবস্থাপনা পরিচালনা করে আসছে। আইএনএম প্রবর্তিত ডিপ্লোমা ইন মাইক্রোফিন্যান্স কোর্সটি দীর্ঘমেয়াদি মানব উন্নয়নের দৃষ্টিকোণ থেকে প্রণীত। যেখানে অংশগ্রহণকারীরা তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি হাতে-কলমে প্রশিক্ষণ এবং মাঠপর্যায়ে কাজের মাধ্যমে বাস্তব অভিজ্ঞতাও লাভ করতে পারছে। আইএনএম ২০১৫ সালে ডিপ্লোমা ইন মাইক্রোফিন্যান্স প্রোগ্রাম চালু করে। এ পর্যন্ত ৬টি ব্যাচে ১৪০ অংশগ্রহণকারী কোর্সটি সম্পন্ন করেছেন।